বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

ফোন ঃ ৯৫৭৬৬৫৩
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-৩৩৫
ইমেইল ঃ dgmictsystem@krishibank.org.bd,
ওয়েবসাইট ঃ www.krishibank.org.bd

প্রকা/আইসিটি (সিস্টেমস্)/সাইবার/২(৬৩)/২০১৯-২০২০/৪২

তারিখ ঃ ০৯-০৭-২০১৯ইং

উপ-মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
সকল শাখা।

বিষয়ঃ সাইবার নিরাপত্তায় কর্তৃপক্ষীয় নিরাপত্তা সতর্কতা নির্দেশনা।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্টের গত ০৬-০৫-২০১৯ ইং তারিখের পত্র নং পিএসডি(এনপিএসবি)/২৩/২০১৯-৯২৯(৫) ও বিকেবি, প্রকা, জনসংযোগ ও প্রটোকল বিভাগের পত্র নং-প্রকা/জসবি ১(১.৬)/২০১৮-১৯/৭৯৪(২) তারিখঃ ১৮.০৪.২০১৯ মোতাবেক সাইবার অপরাধীরা দেশের বাইরে থেকে বিভিন্ন আন্তর্জাতিক কার্ড নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে অর্থ আত্মসাৎ এর ঘটনা সংঘটিত করছে। সাম্প্রতিক সময়ে র‍্যানসমওয়্যার ও ম্যালওয়্যার বহুলভাবে আলোচিত হচ্ছে। কোন সার্ভার র‍্যানসমওয়্যার দ্বারা আক্রান্ত হলে সার্ভারের তথ্য এনক্রিপ্ট হয়ে পড়ে এবং হ্যাকাররা মুক্তিপন হিসাবে অর্থ দাবি করে থাকে যা পরিশোধ করলেও তথ্য পুনরুদ্ধার অত্যন্ত দুরূহ। ম্যালওয়্যার দ্বারা হ্যাকাররা কম্পিউটারে প্রবেশের পর বিভিন্ন ফাঁদ এর মাধ্যমে তাদের অসৎ কার্যসিদ্ধি করে থাকে। এছাড়া ক্রমবর্ধমান প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবার উৎকর্ষতার বিপরীতে দেশের ব্যাংকিং ব্যবস্থা হ্যাকিং এর মাধ্যমে অর্থ আত্মসাৎ এর বিষয়টি গণমাধ্যমে প্রকাশিত সংবাদ হতে ব্যাংক কর্তৃপক্ষের নজরে আসে।

০২। এপ্রেক্ষিতে, সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে ব্যাংকের প্রধান কার্যালয়সহ সকল নিয়ন্ত্রণকারী কার্যালয় এবং বর্তমানে ৪০২ টি অন-লাইন, ৩৪১টি কম্পিউটারাইজড(অফ-লাইন) ছাড়াও অন্যান্য সকল শাখার মাধ্যমে প্রযুক্তিগত সেবা যেমনঃ BACH, BEFTN, RTGS, SWIFT ও রেমিটেন্স প্রদানের ক্ষেত্রে অত্র বিভাগসহ অন্যান্য বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নিম্নোক্ত সার্কুলারের নির্দেশনা পরিপালন করার জন্য অনুরোধ করা হলোঃ

| ক্রমিক | সার্কুলারের বিষয় | সার্কুলার নং | তারিখ |
|---|---|---|---|
| ০১। | ATM ও POS চ্যানেলে সংঘটিত জাল-জালিয়াতির ঝুঁকি হ্রাসে করণীয় প্রসঙ্গে। | প্রকা/আইসিটি(সিস্টেম্স)/এটিএম-০২(বিবিধ)/২০১৮-১৯/১৪৪৩ | ০৬-০৩-২০১৯ |
| ০২। | ব্যাংকের লেনদেনের ব্যবস্থায় সম্ভাব্য সাইবার আক্রমন সংক্রান্ত সতর্কতা প্রসঙ্গে। | প্রকা/আইসিটি(সিস্টেমস্)/গাইডলাইনস /১৩(১)/২০১৮-১৯/২৪২ | ৩০-০৮-২০১৮ |
| ০৩। | ব্যাংকিং খাতে ক্রমবর্ধমান সাইবার ঝুঁকি মোকাবেলায় অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে। | বিকেবি/প্রকা/আইসিটি/সাইবার/২(৬৩)/ ২০১৮-১৯/৪৮০ | ১১-১০-২০১৮ |
| ০৪। | Cyber Attack (Ransomware, Malware ইত্যাদি) হতে ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত Computer, E-mail Account, Internet, Network ব্যবহারের সামগ্রীক নিরাপত্তা এবং সংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত সংরক্ষণ নিশ্চিতকরণ প্রসঙ্গে। | প্রকা/আইসিটি/সাইবার/২(৬৩)/২০১৬-১৭/১৩৭৫ | ২৮-০৫-২০১৭ |
| ০৫। | E-mail সিষ্টেম্স ব্যবহারের ক্ষেত্রে Phishing Attack সংক্রান্ত ঝুঁকি হ্রাসে করণীয় প্রসঙ্গে। | প্রকা/আইসিটি(সিস্টেম্স)/সাইবার/ ২(৬৩)/ ২০১৮-১৯/১২৬১ | ০৭-০২-২০১৯ |
| ০৬। | নগদ অর্থ লেনদেন হ্রাস বা নিরুৎসাহিতকরণের লক্ষ্যে বিভিন্ন পেমেন্ট চ্যানেলের মাধ্যমে সম্পাদিত কার্ড ভিত্তিক লেনদেনের নিরাপত্তা নিশ্চিতকরণ, ঝুঁকি হ্রাস এবং গ্রাহক সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে। | প্রকা/আইসিটি(সিস্টেম্স)/এটিএম-০২(বিবিধ)/ ২০১৭-২০১৮/৮৯ | ২২-০৭-২০১৮ |
| ০৭। | ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত Server, Computer, E-mail Account, Internet, Network এর যথাযথ পরিচালনা, সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংরক্ষণ ও সামগ্রীক নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে। | আইসিটি পরিপত্র নং-০২/২০১৭ | ২৮-০৩-২০১৭ |
| ০৮। | কম্পিউটারাইজড শাখাসমূহে পরিচালনাগত নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত দিক নির্দেশনা। | ঋণ আদায়(আইটি) পরিপত্র নং-০১/২০১২ | ০১-০৪-২০১২ |

চলমান পাতা-২

| ক্রমিক | সার্কুলারের বিষয় | সার্কুলার নং | তারিখ |
|---|---|---|---|
| ০৯। | কম্পিউটারাইজেশনতব্য এবং কম্পিউটারাইজ শাখাসমূহে প্যারালাল/লাইভ অপারেশন চালানোর জন্য দিক নির্দেশনা। | ঋণ আদায়(আইটি) পরিপত্র নং-০২/২০১২ | ০১-০৪-২০১২ |
| ১০। | ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত কম্পিউটার সমূহে সংরক্ষিত তথ্য ও উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে। | আইসিটি পরিপত্র নং- ০২/২০১৫ | ০৬-০৮-২০১৫ |
| ১১। | বাংলাদেশ কৃষি ব্যাংকের "তথ্য প্রযুক্তি সম্পদের গ্রহনযোগ্য ব্যবহার গাইডলাইন" পরিপালন প্রসঙ্গে। | আইসিটি পরিপত্র নং- ০৩/২০১৮ | ০১-১০-২০১৮ |
| ১২। | জাল-জালিয়াতি/ অর্থ আত্নসাৎ বিষয়ক সাবধানতা অবলম্বন প্রসঙ্গে। | প্রকা/আইসিটি সিস্টেমস্ (প্রশা)-৭(৬০)/২০১৭-১৮/৮২৭ | ০৪-০২-২০১৮ |
| ১৩। | কম্পিউটারাইজ শাখা/ কার্যালয়সমূহের ডাটা ব্যাকআপ গ্রহন ও ব্যাকআপ সিডি সংরক্ষণ প্রসঙ্গে। | প্রকা/আইটি/৯(ব্যাক-আপ)/২০১২-১৩/৮২(১২০০) | ০৯-০৯-২০১২ |

উল্লেখ্য, উপরোক্ত সার্কুলার সমূহ ব্যাংকের ওয়েবসাইটের হোম পেজ-এর ICT Guidelines নামক ট্যাবে আপলোড করা রয়েছে।

০৩। সাইবার নিরাপত্তা ও লেনদেন ঝুঁকি সম্পর্কে নিজস্ব সকল কর্মকর্তা-কর্মচারীকে সচেতন ও প্রশিক্ষিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত "Guidelines on ICT Security for Banks and Non Financial Institutions" বিষয়ক পলিসি ও পিএসডি সার্কুলার-০১/২০১৮, ০৪/২০১৭, ০২/২০১৬ এর যাবতীয় নির্দেশনা অনুসরণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, সাইবার নিরাপত্তা বিষয়ে নিবিড় তদারকি জোরদারকরণ ও যে কোন জাল-জালিয়াতির ঘটনার প্রেক্ষিতে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনসহ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। আইসিটি সিকিউরিটি সংক্রান্ত নীতিমালা ও নির্দেশাবলী পরিপালন না করার ফলে শাখা পর্যায়ে যদি কোনো ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতির সৃষ্টি হয়, তবে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার ইউজার, অথোরাইজড ইউজার ও শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে। বিষয়টি সর্বাধিক গুরুত্ব সহকারে বিবেচনাপূর্বক সকল ধরণের আইসিটি অপারেশন সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০১/০৪/২০১৯

(কে.এম. নূরুদ্দীন সারোয়ার)
সিনিয়র সিস্টেম এনালিস্ট-সমন্ব
(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও আইসিটি) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা,ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক,স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল বিভাগীয় কার্যালয়।
০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা (আয়োজিত সকল প্রশিক্ষণে কম্পিউটার ও সাইবার নিরাপত্তামূলক প্রশিক্ষণ/ক্লাস অন্তর্ভূক্তির বিনীত অনুরোধসহ)।
০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
০৮। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় (নিয়ন্ত্রনাধীন কার্যালয়/শাখাসমূহে সাইবার নিরাপত্তায় তদারকি কার্যক্রম জোরদার করার অনুরোধসহ)।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
১০। নথি/ মহানথি।